# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৩. নতুন নিয়মের মধ্যে বিদ্যমান স্বীকৃত বিকৃতি

উপরে আমরা দেখলাম যে, নতুন নিয়মের লেখকরা পুরাতন নিয়মের অনেক উদ্ধৃতি বিকৃত করেছেন। এবার আমরা দেখব যে, নতুন নিয়মের লেখকদের লেখা কিভাবে পরবর্তী খ্রিষ্টানরা পরিবর্তন করেছেন। আমরা জানি যে, ইংরেজি কিং জেমস ভার্শন (King Jemse Version: KJV) অথোরাইজড ভার্শন (Authorized Version: AV), অর্থাৎ স্বীকৃত বা প্রামাণ্য ভাষ্য হিসেবে প্রসিদ্ধ। প্রাচীন সকল স্বীকৃত পাণ্ডুলিপির ভিত্তিতে ১৬১১ খ্রিষ্টাব্দে এটা প্রকাশিত। পূর্ববর্তী দেড় হাজার বছরের বাইবেলের এটা স্বীকৃত রূপ এবং পরবর্তী অর্ধ সহস্রাব্দ এটাই একমাত্র স্বীকৃত ও প্রামাণ্য সংস্করণ হিসেবে প্রচলিত। এ প্রামাণ্য সংস্করণের একটা সংশোধিত সংস্করণ রিভাইজড স্টান্ডার্ড ভার্শন (Revised Standard Version: RSV) নামে ১৯৭১ সালে প্রকাশিত।

কিং জেমস ভার্শন ও রিভাইজড স্টান্ডার্ড ভার্শনের মধ্যে তুলনা করে অধ্যয়ন করলে নতুন নিয়মের মধ্যে বিদ্যমান অনেক বিকৃতির কথা জানা যায় যেগুলো তৃতীয়-চতুর্থ শতাব্দী বা তার পরে বাইবেলের মধ্যে অনুপ্রবেশ করেছে। প্রায় দেড় হাজার বছর তা পবিত্র পুস্তকের অংশ হিসেবে গণ্য ছিল। বর্তমানে বিভিন্ন সংস্করণে তা বাতিল করা হচ্ছে। কোনো সংস্করণে একেবারেই ফেলে দেওয়া হয়েছে, কোথাও বন্ধনীর মধ্যে রাখা হয়েছে এবং কোথাও টীকায় রাখা হয়েছে। তবে সর্বাবস্থায় এ সকল স্বীকৃত বিকৃতি নিশ্চিতভাবে প্রমাণ করে যে, বাইবেলীয় গ্রন্থগুলো অভ্রান্ত বা বিকৃতি-মুক্ত নয়।

এ জাতীয় বিকৃতি শুধু শব্দ বা বাক্যের মধ্যে সীমাবদ্ধ নয়। উপরন্তু অনেক পূর্ণ ‘verse’ অর্থাৎ শ্লোক, চরণ বা পদও এভাবে সংযোজিত হয়েছি। নতুন নিয়মের যে সকল স্থানে এরূপ সংযোজন-জনিত বিকৃতি নিশ্চিত হয়েছে এবং বাইবেলের আধুনিক কোনো কোনো সংস্করণে যে শ্লোকগুলো বাদ দেওয়া হয়েছে সেগুলোর একটা তালিকা উইকিপিডিয়া ‘বাইবেলের আধুনিক অনুবাদ থেকে বাদ দেওয়া শ্লোকগুলোর তালিকা’ (List of Bible verses not included in modern translations) প্রবন্ধে প্রদান করা হয়েছে। এ তালিকা অনুসারে নিম্নের ২৭ স্থানের প্রায় অর্ধশত শ্লোক বাইবেলের আধুনিক কোনো কোনো সংস্করণ থেকে বাদ দেওয়া হয়েছে: মথি ৯/৩৪; ১২/৪৭; ১৭/২১; ১৮/১১; ২১/৪৪; ২৩/১৪; মার্ক ৭/১৬; ৯/৪৪; ৯/৪৬; ১১/২৬; ১৫/২৮; ১৬/৯-২০; লূক ১৭/৩৬; ২২/২০; ২২/৪৩; ২৩/১৭; ২৪/১২; ২৪/৪০; যোহন ৫/৪; ৭/৫৩-৮/১১; প্রেরিত ৮/৩৭; ১৫/৩৪; ২৪/৭; ২৮/২৯; রোমীয় ১৬/২৪।

আমরা এ পরিচ্ছেদে কিং জেমস ভার্শন, রিভাইজড ভার্শন ও অন্যান্য সংস্করণের সাথে তুলনার মাধ্যমে কয়েকটা স্বীকৃত বিকৃতির নমুনা উল্লেখ করব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14228

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন